



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখঃ-০৩/১০/২০১৮

## জাপানের Kogakuin University এর প্রেসিডেন্ট কর্তৃক বরিশাল বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিনিধি দলকে গবেষণামূলক কার্যক্রমে অংশগ্রহণের আমন্ত্রণ

দেশের ৪১ টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে নবীন উচ্চশিক্ষা প্রতিষ্ঠান হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষা, গবেষণা, খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যকান্ডে দক্ষতার পরিচয় দিয়ে ইতোমধ্যেই জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে বেশ পরিচিত হয়ে উঠেছে। বিশ্ববিদ্যালয়টির একাধিক শিক্ষক উচ্চশিক্ষা ও গবেষণার জন্য যুক্তরাষ্ট্র, জাপান, চীন, নরওয়ে, দক্ষিণ কোরিয়া, মালয়েশিয়া ও থাইল্যান্ডে অবস্থান করছেন। শুধু তাই নয় বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা পড়তে গেছেন অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়েও। শিক্ষার্থীরাও উচ্চশিক্ষার জন্য বিভিন্ন দেশে যাওয়া শুরু করেছেন। আর এ সব কিছুর পিছনে উৎসাহদাতা একজন, তিনি হলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট শিক্ষাবিদ আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। বরিশাল বিশ্ববিদ্যালয়কে শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে আন্তর্জাতিক মানদণ্ডে উন্নীত করার ক্ষেত্রে নিরলস পরিশ্রম করে যাচ্ছেন তিনি। এমনই এক প্রেক্ষাপটে উচ্চশিক্ষা ও গবেষণার সুযোগ বৃদ্ধির লক্ষ্যে “Japan-Asia Youth Exchange Program in Science” এর অধীনে Kogakuin University এর প্রেসিডেন্ট এর আমন্ত্রণে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ খোরশেদ আলমের নেতৃত্বে সিএসই বিভাগের সহকারী অধ্যাপক রাহাত হোসাইন ফয়সাল, পদার্থ বিজ্ঞান বিভাগের প্রভাষক অরিফ-উল-ইসলাম, মোঃ ইমরান হোসেন এবং পদার্থ বিজ্ঞান বিভাগের ৪ জন শিক্ষার্থী ও রসায়ন বিভাগের ১ জন শিক্ষার্থীসহ মোট ৯ সদস্যের একটি প্রতিনিধি দল আগামী ২৯ অক্টোবর থেকে ৪ নভেম্বর জাপানের Kogakuin University এর গবেষণাগার পরিদর্শন, লেকচারে অংশগ্রহণ, Conference এ অংশগ্রহণ ও নিজেদের গবেষণা কর্ম উপস্থাপন, উক্ত বিশ্ববিদ্যালয়ের গবেষণাকর্ম সম্পর্কে ধারণা নেয়া, বরিশাল বিশ্ববিদ্যালয় এবং Kogakuin University এর মধ্যে Collaboration Research এর ক্ষেত্রে কিভাবে আরও প্রসারিত করা যায় সে বিষয়ে আলোচনায় অংশ নিবেন। পরবর্তী পর্যায়ে জাপানের Kogakuin University একটি প্রতিনিধি দলও বরিশাল বিশ্ববিদ্যালয়ে পরিদর্শনে আসবেন। আর এর মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা খাত আরও যেমন সম্প্রসারিত হবে ঠিক তেমনি আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণ বৃদ্ধি পাবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস